গণপ্রজতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

জুলাই-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ জনাব নাজমা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ ঃ ২০ জুলাই-২০২১ খ্রিঃ সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী ও অদ্যকার সভার আলোচ্য সূচি পাঠ করার জন্য সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, নবীগঞ্জকে নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশক্রমে জনাব ডাঃ আব্দুস সামাদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্য সূচির আলোকে পার্শ্বে বর্ণিত সুপারিশসমুহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | জনাব ডাঃ আব্দুস সামাদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, তিনি অদ্যকার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুল্যান্স গাড়ীর জ্বালানী তৈলের বিল দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। ফলে রোগী পরিবহন করার ক্ষেত্রে মারাত্মকভাবে সমস্যার সৃষ্টি হচ্ছে। যদি উপজেলা পরিষদের পক্ষ থেকে এ বিষয়ে কোন আর্থিক সহযোগিতা করা যায় তবে বাজেট আসার সাথে সাথে পরিষদের তহবিলে উক্ত টাকা সমন্বয় করা হবে বলে তিনি জানান। | বিস্তারিত আলোচনার পর ভাতার তালিকা প্রেরনের বিষয়ে আগামী উপজেলা পরিষদের মাসিক সাধারণ অনুষ্ঠিতব্য বিষয়টি উপস্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সভাপতি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ।<br><br>খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পৎ কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, |

| | | | |
|---|---|---|---|
| | উল্লেখিত বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ হওয়ায় উপস্থিত সকল সদস্যই একমত পোষণ করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে সভায় জোর দাবী জানানো হয়। | | হবিগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি ।
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০২.৩৮.০০১.২১-১৫ তারিখঃ ২০-০৭-২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৩। অফিস কপি।

20.07.21
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি।
নবীগঞ্জ, হবিগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নাজমা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ শাহাদাৎ হোসেন | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | সম্মানিত সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব সত্যজিৎ দাশ | চেয়ারম্যান, ১নং বড় ভাকৈর (পূর্ব) ইউ/পি | সম্মানিত সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আশিক মিয়া | চেয়ারম্যান, ২নং বড় ভাকৈর (পশ্চিম) ইউ/পি | সম্মানিত সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আব্দুল হামিদ লিকসন | বিশিষ্ট ব্যক্তি | সম্মানিত সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব ডাঃ আব্দুস সামাদ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা-

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নাজমা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ | সভাপতি | |
| ০২ | জনাব মো: শাহাদাৎ হোসেন | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৩ | জনাব রঙ্গলাল দাশ | সাবেক চেয়ারম্যান, ১ নং বড় ভাকৈর ইউ/পি | সম্মানিত সদস্য | |
| ০৪ | জনাব আক্তার হোসেন ছোবা | সাবেক চেয়ারম্যান, ২ নং বড় ভাকৈর ইউ/পি | সম্মানিত সদস্য | |
| ০৫ | জনাব আব্দুল হামিদ লিকসন | গণ্যমান্য ব্যাক্তি, আউশকান্দি, ৫নং আউশকান্দি ইউ/পি, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | Md. Likson |
| ০৬ | জনাব ডা: আব্দুস সামাদ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অফিসার, নবীগঞ্জ | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

-ঃ সভার নোটিশ ঃ-

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০২.৩৮.০০১.২১-০৭ তারিখঃ ১৩-০৭-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৭/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব নাজমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

উল্লিখিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

০১. এম্বুল্যান্স গাড়ী সংক্রান্ত বিষয়াদি।
০২. বিবিধ।

১৩.০৭.২১

প্রাপক ঃ

..............................................
..............................................
..............................................

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি ।
নবীগঞ্জ, হবিগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, নবীগঞ্জ-বাহুবল নির্বাচনী এলাকা-হবিগঞ্জ-১
০২. জেলা প্রশাসক, হবিগঞ্জ। [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরিচালক,স্থানীয় সরকার,হবিগঞ্জ]
০৩. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
০৪. উপজেলা নির্বাহী অফিসার,নবীগঞ্জ,হবিগঞ্জ।
০৫. মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
০৬. অফিস কপি।